



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/23/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ওনোল্ডাগা ন্যাশন লংহাউজে ঐতিহাসিক বৈঠকের জন্য ওনোল্ডাগা
ন্যাশনের সাথে যোগদান করলেন

আজকের পরিদর্শনের ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ট্যাডোডাহা সিড হিল, চিফদের পরিষদের প্রতিনিধি, এবং ক্ল্যান
মাদারসহ ওনোল্ডাগা ন্যাশনের নেতৃবৃন্দের সাথে একটি কথোপকথনের জন্য ওনোল্ডাগা
লংহাউজ পরিদর্শন করেন।

"ওনোল্ডাগা ন্যাশন এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যকার সরকার-সরকার সম্পর্ক জোরদার করার
জন্য আজকে আমরা ওনোল্ডাগা ন্যাশন লংহাউজে বৈঠক করেছি," **গভর্নর হোকল
বলেন।** "এর মাধ্যমে অর্ধ-শতাব্দীর মধ্যে প্রথমবারের মতো নিউ ইয়র্কের একজন দায়িত্বরত
গভর্নর ওনোল্ডাগা ন্যাশনের নিজস্ব এলাকা পরিদর্শন করেছে এবং 1,000 একরের বেশি ভূমি
ওনোল্ডাগা ন্যাশনকে ঐতিহাসিকভাবে ফেরত দেওয়ার ঘটনার পর এটি হচ্ছে। একটি ফলপ্রসূ
এবং অর্থপূর্ণ কথোপকথন চলাকালে, ওনোল্ডাগা ন্যাশন যেই অনন্য সমস্যার সম্মুখীন হয় এবং
শিক্ষা ও স্বাস্থ্যসেবায় বিনিয়োগসহ যে উপায়ে আমাদের দুইটি সরকার সহযোগিতামূলক কাজ
করতে পারে আমরা তা নিয়ে আলোচনা করেছি। এইসব অতি গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা
অব্যাহত রাখতে এবং আগামী বছর গুলিতে আরো মর্যাদাপূর্ণ সহযোগিতামূলক কাজ করতে
আমরা প্রতিশ্রুতি গ্রহণ করেছি।"

"কমপক্ষে অর্ধ-শতাব্দী পর লংহাউজে একজন নিউ ইয়র্ক গভর্নরের প্রথম পরিদর্শনের জন্য
গভর্নর হোকলকে স্বাগত জানাতে পেরে আমরা সম্মানিত হয়েছি এবং আমাদের নাগরিকদের
জন্য ট্রিটি-গ্যারান্টিযুক্ত সমর্থনের ব্যাপারে তার এবং স্টেটের কর্মকর্তাদের সাথে কাজ করার
জন্য আমরা উন্মুখ," **বলেন ট্যাডোডাহা সিড হিল।** "মর্যাদাপূর্ণ সরকার-সরকার সম্পর্কের
জন্য আলোচনা সর্বদাই অত্যাবশ্যকীয়, এবং আমরা একমত যে ইউরোপীয় সেটলার প্রথম
এখানে আসার বহু আগে থেকেই আমাদের মানুষকে টিকিয়ে রাখা ভূমি ও পানির পরিবেশ
সংক্রান্ত অবক্ষয় বদলে দেওয়ার জন্য ওনোল্ডাগা ক্রিকের 1,000 একর হেডওয়াটার ফেরত
দেওয়া প্রয়োজনীয় ছিলো। আমরা আশা করছি যে আমাদের ভূমিতে শান্তি ও ন্যায়বিচার
পুনঃস্থাপন করার জন্য দীর্ঘ একটি ফলপ্রসূ আলোচনার এটি সূচনা। ওনোল্ডাগা ন্যাশন আশা
করছে যে আমাদের দুই সরকারের মধ্যকার সত্য ও নিরাময় প্রক্রিয়াকে এই বৈঠক ত্বরান্বিত
করবে, এবং ওনোল্ডাগা ন্যাশন ও এর মানুষদের মাতৃভূমি এই এলাকায় বাস করা সকলের জন্য
দীর্ঘস্থায়ী ন্যায়বিচার, শান্তি ও মর্যাদার জন্য আমরা করে যাচ্ছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418